(Under Section 154 Cr. P.C.)

893

1. Dist. ............ P.S. Bhaktinagar Year 2026 FIR No. 43/26 Date 15.01.2026

2. i) Act BNS 2023 Sections 85 r/w sec 3/4 of Dowry Prohibition Act, 1961. ii) Act ... Sections ...

iii) Act — Sections — iv) Others Acts & Sections —

3. (a) Occurrence of offence : Day — Date From Since 20.02.2025 Date To till date

Time Period — Time From — Time To —

(b) Information received at P.S. Date 15.01.2026 Time 21:50 hrs

(c) General Diary Reference : Entry No (s) 729 Time 21:50 hrs

4. Type of Information Written (typed) Written / Oral

5. Place of Occurrance : (a) Direction and Distance from P.S. South East Beat No.

(b) Address Haiderpara, Ward No. 39, PS Bhaktinagar, Dist Jalpaiguri.

(c) In case outside limit of this Police Station. then the

Name of the P.S. — District —

6. Complainant / Informant :

(a) Name Priyanka Das

(b) Father's / Husband's Name Pramis Das

(c) Date / Year of Birth — (d) Nationality Indian

(e) Passport No. — Date of Issue : — Place of Issue —

(f) Occupation —

(g) Address Haiderpara, Ward no 39, PS Bhaktinagar, Dist Jalpaiguri.

7. Details of known / suspected / unknown accused with full particulars

(Attach separate sheet, if necessary) :

Her Husband (1) Pramis Das, father in law (2) Pranab Kumar Das, mother in law (3) Smt. Tapasi Das, brother in law (4) Ronit Das, and sister in law (5) Smt Sujata Swarnakar.

8. Reasons for delay in reporting by the Complainant / Information

—

9. Particulars of properties stolen / involved (Attach separate sheet, if necessary) :

—

10. Total value of properties stolen / involved —

11. Inquest Report / U.D. Case No. If any —

12. FIR Contents (Attach separate sheets, if required) : The original written complaint which is treated as FIR is attached herewith.

13. Action Taken : Since the above report reveals commission of offence(s) as mentioned at item No. 2., Registered the case and took up the investigation / directed ASI AMAL CHANDRA BARMAN to take up investigation / refused investigation / transferred to P.S. — on point of jurisdiction. FIR read over to the Complaint / Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant / informant free of cost.

Sm the complaint.

14. Signature / Thumb impression of the Complainant / Informant

DR No. 450 Date 17/01/26

Bhaktinagar Police Station SPC

Signature of Officer-in-Charge, Police Station

Inspector-in-Charge Bhaktinagar Police Station Siliguri Police Commissionerate

Name : ...

Rank : No. IC Bhaktinagar PS SPC

15. Date & Time of despatch to the court :

To

The Inspector-in-charge
Bhaktinagar Police Station
Sevoke Road, District-Jalpaiguri

Date:- 14/01/2026

মহাশয়,

বিনীত নিবেদন এই যে আমি শ্রীমতী প্রিয়াঙ্কা দাস, স্বামী-শ্রী প্রমিস দাস, পিতা শ্রী প্রভাত দাস, বর্তমান ঠিকানা হায়দারপাড়া, ওয়ার্ড নম্বর 39, থানা ভক্তিনগর, জেলা জলপাইগুড়ি, আপনার নিকট এই মর্মে এজাহার করিতেছি যে, 2023 সালে মালদা জেলার পুকুরিয়া থানার অন্তর্গত পরানপুর গ্রাম নিবাসী শ্রী প্রনব কুমার দাসের পুত্র শ্রী প্রমিস দাসের সহিত আমার Social Media (Facebook) এর মাধ্যমে পরিচয় হয় এবং উক্ত পরিচিতির মাধ্যমে আমাদের উভয়ের পরিবারের দেখাশোনার পর আমার শ্বশুরবাড়ির লোকেরা সমস্তকিছু দেখে শুনে আমাকে পছন্দ করেন। আমার স্বামী S.S.B. G.D. Constable এ কর্মরত। বিবাহ ঠিক হওয়ার সময় পাত্র পক্ষের কোনরূপ দাবী দাওয়া ছিল না, এবং গত 14 February 2025 তারিখে দুই পক্ষের সহমতে বেলাকোবা বিবাহ আধিকারিকের কাছে উক্ত প্রমিস দাসের সহিত আমার রেজিস্ট্রি বিয়ে হয়। এরপর গত ২০ February 2025 তারিখে সামাজিক অনুষ্ঠান করে আমার সাথে উক্ত প্রমিস দাসের হিন্দু মতে বিবাহ হয়, সেই সময় আমার শ্বশুর বাড়ির লোকজন আমার বাবার থেকে তিন লক্ষ টাকা নগদ ও একটি বুলেট মোটরবাইক দাবী করেন, যদিও আমার বাবা অল্প সময়ের ব্যাবধানে তাহাদের দাবী পূরণ করতে ব্যর্থ হন।

এরপর আমার স্বামী আমাকে তাহাদের বাড়িতে নিয়ে যায় ও আমরা সেখানে স্বামী-স্ত্রী হিসেবে বসবাস শুরু করি। বিয়ের কিছুদিন পর অর্থাৎ 2nd March 2025 তারিখে আমার স্বামী আমার ফোন থেকে আমার ও আমার মায়ের সাথে হওয়া কথোপকথন রেকর্ড তার নিজের মোবাইলে ট্রান্সফার করে নেয়, এবং আমি আমার শ্বশুরবাড়ির কথা আমার মাকে ফোনে জানিয়েছি বলে, আমার স্বামী সেই দিন থেকে আমাকে গালিগালাজ ও চড় থাপ্পর মারতে থাকে। বিয়ের পর থেকেই আমি আমার স্বামীর মধ্যে কিছু অদ্ভুত আচরণ লক্ষ করি, আমার স্বামী প্রায়ই নেশাগ্রস্ত অবস্থায় বাড়িতে এসে অকারণেই আমার উপর শারীরিক অত্যাচার চালায়। আমার শ্বশুর, শ্বাশুরি, ভাশুর ও জ্যা(ভাসুরের স্ত্রী) প্রত্যেকেই আমার সাথে চরম দুব্যাবহার করা শুরু করে এবং বলে যে আমি আমার বাপের বাড়ির থেকে তাদের চাহিদা মতো কিছুই আনতে পারিনি। আমি সব কিছু সহ্য করতে থাকি। 16th March 2025 এ আমার স্বামী তার ডিউটি উদ্দেশ্যে রওনা হয়, আর আমি কিছুদিন পর আমার বাবার সাথে (জোড়া ভাঙাতে) বাপের বাড়িতে আসি। আসার সময় আমার নিজস্ব আলমারির চাবি আমার শাশুড়িকে দিয়ে আসতে ভুলে গিয়েছিলাম বলে, এই নিয়ে আমার স্বামী আমাকে ফোন করে গালিগালাজ করে, এভাবেই মার্চ থেকে এপ্রিল মাস যতদিন আমি বাপের বাড়িতে ছিলাম, আমার স্বামী ও শাশুড়ি উক্ত আলমারির চাবি নিয়ে আমার সাথে ফোনে ঝগড়া করত, অকথ্য ভাষায় গালিগালাজ করত। এরপর 16/04/2025 তারিখে আমি পুনরায় আমার শ্বশুরবাড়িতে ফিরে যাই।

২০২৫ মে মাসে ৩১ তারিখে আমার শাশুড়ি আমাকে একদিন নতুন বিছানার চাদর বের করতে বলেছিল, আমি কোনও কারণ বসত ভুলে গিয়েছিলাম, এই নিয়ে আমার স্বামী ও শাশুড়ি আমার উপর চড়াও হয়, অন্যদিকে আমার শাশুড়ি ও ভাশুরের স্ত্রী অর্থাৎ জ্যা আমার নামে উশকানিমুলক কথা বলে এবং আমার স্বামী আমাকে প্রচণ্ড মারধর করে আমাকে সজোরে আঘাত করে মাটিতে ফেলে দিয়ে লাথি ঘুসি মারতে থাকে।

Priyanka Das.

এরপর 9 June 2025 তারিখে আমার স্বামীর দাদা-বউদি প্লান করে কাশ্মীরে আর্মি কোয়াটারে চলে যায়, এদিকে আমার স্বামী, শ্বশুর, শাশুড়ি আমার উপর দোষ দিতে থাকে যে, আমার জন্যই তাদের বড় ছেলে বাড়ি থেকে চলে গিয়েছে। তাহারা আমার বাপের বাড়ির সাথে কোনরূপ যোগাযোগ করতে দিত না, 12/10/2025 তারিখে আমার স্বামী নিজের বন্ধুদের সাথে ঘুরতে যাবার জন্য বাড়ি থেকে বের হচ্ছিল, আমি বলি যে আমিও যাব, এই কথা বলার সাথে সাথে আমার স্বামী আমাকে নাকে সজোরে ঘুসি মেরে রক্ত বের করে দেয়, সেইখানে আমার শ্বশুর ও শাশুড়ি উপস্থিত হলে আমার স্বামী তাদের দেখে আমাকে আরও মারতে মারতে বিছানায় নিয়ে যায়, আমি আঘাত পেলেও তাহারা আমার কোনরূপ চিকিতস্যা করায়নি। পরের দিন আমার স্বামী আমার কয়েকটা জামাকাপড় নিয়ে আমাকে শিলিগুড়ি নিয়ে আসে এবং তিন দিন আমার বাপের বাড়িতে থেকে আমার বাপের বাড়িতে রেখে চলে যায়, আর বলে যে ডিউটি থেকে ফেরার সময় আমাকে নিয়ে যাবে। আমার বাপের বাড়িতে থাকাকালীনও আমার স্বামী আমাকে গালিগালাজ করে। এরপর আমি আমার স্বামীকে ফোন করি আমাকে নিয়ে যাবার জন্য কিন্তু সে অনেক অজুহাত দেখায় এবং 20/10/2025 তারিখে আমার শাশুড়ি আমাকে ফোন করে ধমকায় আমি যেন আমার স্বামীর সাথে যোগাযোগ না করি। ইতিমধ্যে ওর দাদা-বউদি আবার মালদায় চলে আসে, আমি এবং আমার বাড়ির লোক বহুবার বলা সত্তেও আমার স্বামী বা তাহাদের কেউ আমাকে নিতে আসে নি। হটাৎ 26/12/2025 তারিখে রাত্রি ৯ টা ৫০ মিনিট নাগাদ আমার বাবাকে ফোন করে বলে যে আগামীকাল আমার স্বামী আমার বাপের বাড়িতে আসবে। এরপর 27/12/2025, আমার স্বামী বিকেল বেলায় আমার বাপের বাড়িতে এসে আমাকে ডিভোর্স পেপারে সই করতে বলে, আমি কোনকিছু বোঝানোর চেষ্টা করলে সে আমাকে আমার বাবা-মায়ের সামনেই চড় মারে ও আমার বাবা-মাকেও গালিগালাজ করে, এবং বলে যে সে আমার সাথে আর সংসার করবে না, আর যদি আমি পুনরায় আমার শ্বশুর বাড়িতে যাই তাহলে আমার ভালো হবে না।

আমার বাড়ির লোক আমার স্বামীকে অনেক বোঝানোর চেষ্টা করেছে এবং মধ্যস্থতার মাধ্যমে সব ঠিক করার চেষ্টা করে, আমিও আমার বাড়ির লোকের সন্মান ও আমার ভবিষ্যতের কথা ভেবে আমার স্বামীর বিরুদ্ধে কোনও আইনি পদক্ষেপ নেই নি। বিগত কিছুদিন পূর্বে 10/01/2026 তারিখে আমি একটি উকিল নোটিশ পাই যেখান থেকে জানতে পারি, আমার স্বামী পরিকল্পিত ভাবে উক্ত নোটিশ পাঠিয়েছে।

বিধায় প্রার্থনা, মহাশয় ঘটনার তদন্ত করিয়া, আমার স্বামী উক্ত (১) শ্রী প্রমিস দাস, পিতা- প্রনব কুমার দাস, আমার শ্বশুর (২) শ্রী প্রনব কুমার দাস, শাশুড়ি (৩) শ্রীমতী তাপসী দাস, ভাশুর(৪)শ্রী রনিত দাস ও জ্যা (৫) শ্রীমতী সুজাতা স্বর্ণকার দাস, প্রত্যেকের ঠিকানা পরানপুর, থানা পুকুরিয়া, পোঃ পরানপুর, জেলা মালদা, (M-8509034398 & 9733353012) -এর বিরুদ্ধে আইনানুগ ব্যাবস্থা গ্রহন করে আমায় বাধিত করিবেন।

নিবেদিকা-

Priyanka Dey
M-8388046968.

Received on 15.01.2026 at 21:50 hrs vide Bhaktinagar PS GDE No. 729, dtd. 15.01.2026 & started BKN PS Case No. 43/26, dtd 15.01.2026 u/s 85 BNS, 2023 r/w Sec 3/4 of Dowry Prohibition Act, 1961. and endorsed to ASI Amal Chandra Barman for its investigation.

**Inspector-In-Charge**
**Bhaktinagar Police Station**
**Siliguri Police Commissionerate**